



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৬২.১৩- ২৩৮২
অফিস আদেশ

তারিখঃ ২৮/১২/২০১৪ খ্রি:।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের” (সংশোধিত) খুলনা জেলার দাকোপ উপজেলায় কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব হাসান তারিক পটুয়াখালী জেলার দশমিনা উপজেলায় বিগত ২৭/১/২০১৩ খ্রিঃ হতে ০২/৩/২০১৪ খ্রিঃ পর্যন্ত কর্মরত ছিলেন। জনাব হাসান তারিক এর কর্মকালীন সময়ে উক্ত উপজেলায় প্রকল্পের ঋণ বিতরণে গরমিল পরিলক্ষিত হওয়ায় প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এমতাবস্থায়, জনাব হাসান তারিককে তার কর্মকালীন সময়ে বিতরণকৃত প্রকল্পের যাবতীয় ঋণ আদায়ের স্বার্থে লোন রিকভারী অফিসার হিসাবে দশমিনা উপজেলায় আগামী ০৫/০১/২০১৫ খ্রিঃ হতে সংযুক্ত করা হলো।

০২। এ’আদেশের ফলে খুলনা জেলা দপ্তরে কর্মরত কৃষি প্রশিক্ষন সমন্বয়ক জনাব সাইফুজ্জামান হক প্রধান তার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে দাকোপ উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার যাবতীয় দায়িত্ব পালন করবেন এবং তিনি বিধি মোতাবেক যাবতীয় সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

০৩। প্রকল্পের স্বার্থে এ’আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত/-

২৮/১২/১৪ খ্রিঃ


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো,
বিআরডিবি, ঢাকা।
ফোন: ০২-৮১৮০১৪৪

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৬২.১৩- ২৩৮২

তারিখঃ ২৮/১২/২০১৪ খ্রি:।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা দপ্তর ও খুলনা/পটুয়াখালী।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ দাকোপ, জেলাঃ খুলনা (দশমিনা উপজেলায় সংযুক্তির জন্য ছাড় পত্র প্রদানের জন্য বলা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ দশমিনা, জেলাঃ পটুয়াখালী। (প্রকল্পের তার কর্মকালীন সময়ের ঋণ আদায় সম্পন্ন হওয়া সাপেক্ষে ছাড় পত্র প্রদানের জন্য বলা হলো)।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েব সাইট এ প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, (ইরেসপো), উপজেলাঃ দশমিনা/দাকোপ, জেলাঃ পটুয়াখালী।
৬. জনাব সাইফুজ্জামান হক প্রধান, কৃষি প্রশিক্ষন সমন্বয়ক, জেলা দপ্তর, খুলনা।
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস কপি।


মোঃ আবুল কালাম

উপ- প্রকল্প পরিচালক, (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন: ০২-৮১৮০১৪৩